

## গুপ্ত-বলভী অক্ষ

গুপ্তাধ প্রচলিত ছিল উত্তর ভারতে, পশ্চিম ভারতে ও পূর্ব ভারতের অংশবিশেষে। গুপ্ত সম্রাটদের শাসনকালে (খ্রি. তৃতীয় থেকে অষ্টম শতক) এই অক্ষের ব্যবহার চালু ছিল। পরবর্তীকালে পশ্চিম ভারতে “বলভী” নামে এর প্রচলন বজায় থাকে। গুপ্ত সম্রাটদের সামন্ত ছিলেন বলভীর মৈত্রিক রাজারা। তাঁদের অনুষ্ণেই এই নামকরণ হয়। গুপ্ত সম্রাটদের শাসনের অবসান হলেও মৈত্রিকগণ তাঁদের প্রভু গুপ্তদের দ্বারা প্রবর্তিত এই অক্ষের অনুসরণ করেছিলেন। অর্বাচীনতম (গুপ্ত)বলভী অক্ষ পাওয়া যাচ্ছে বেরলে (গুজরাট) থেকে পাওয়া একটি অভিলেখে। সেখানে ৯৪৫ বলভী অক্ষ (= ১২৬৪ খ্রি.) উল্লিখিত। অল্ বীরুণী দুই নামেই এই অক্ষকে উল্লেখ করেছেন।

এই অক্ষের প্রাচীনতম কালোল্লেখের সময় “সংবত্‌সর” শব্দটি বা এর সংক্ষিপ্ত রূপগুলি ব্যবহৃত হয়েছে। প্রাচীনতম প্রকৃত গুপ্ত অক্ষের উল্লেখ রয়েছে দ্বিতীয় চন্দ্রগুপ্তের মথুরা স্তম্ভ অভিলেখে। এখানে তাঁর পঞ্চম রাজ্যবর্ষ ও “কালানুবর্তমানসংবত্‌সর” অর্থাৎ গুপ্তদেরদ্বারা প্রচলিত অবিচ্ছিন্ন (বা একটানা প্রচলিত) সংবত্‌সর ৬১ উল্লিখিত। স্পষ্টতঃই ৬১ গুপ্তাধে দ্বিতীয় চন্দ্রগুপ্তের ৫ম রাজ্যবর্ষ সমাপতিত হচ্ছে। অনেক অভিলেখে স্পষ্ট করে এই অক্ষকে গুপ্তাধের সঙ্গে সম্পর্কিত করা হয়েছে, যেমন স্কন্দগুপ্তের জুনাগড় অভিলেখে “গুপ্ত-প্রকালে গণনাং বিধায়” শব্দবন্ধের ব্যবহার। বলভী নামটির প্রাচীনতম উল্লেখ পাওয়া যাচ্ছে ৫৭৪ সংবৎসরে।

প্রামাণ্য প্রাচীন কালোল্লেখ সংক্রান্ত তথ্যের অভাবে গুপ্তাধের ঐতিহাসিক উদ্ভব

সম্পর্কে নিশ্চিতভাবে কিছু বলা কঠিন। অধিকাংশ ঐতিহাসিকের মতে প্রথম চন্দ্রগুপ্তের সিংহাসনারোহণের সঙ্গে এটি সংবন্ধ। তবে এমন মতও আছে যে প্রথম চন্দ্রগুপ্তের পূর্বপুরুষ শ্রীগুপ্ত বা ঘটোটকচ্ বা তাঁর পুত্র সমুদ্রগুপ্ত এই অন্দের প্রবর্তক হতে পারেন।

জে. এফ. ফ্লীট-এর গণনা অনুযায়ী গুপ্তযুগারম্ভকাল হল ৩১৯ খ্রিস্টাব্দের চৈত্রমাসের শুক্লপক্ষের প্রথম দিন। তাঁর মতে প্রথমদিকের গুপ্তাব্দ সমন্বিত অভিলেখগুলিতে চৈত্রাদি পূর্ণিমাস্ত কালপঞ্জী অনুসৃত এবং সেগুলি অধিকাংশ ক্ষেত্রে বর্তমান বা চালু সংবৎসরের তারিখ সম্বলিত। চালু গুপ্ত সংবৎসরকে খ্রিস্টাব্দে পরিবর্তিত করার জন্য ৩২০ বা ৩২১ যোগ করতে হবে। সমতীত বৎসরের ক্ষেত্রে ৩১৯ বা ৩২০ যোগ করতে হবে। পশ্চিম ভারতের বলভী অন্দের ক্ষেত্রে দক্ষিণের কার্তিকাদি অমাস্ত পদ্ধতি অনুসৃত। এর ফলে গণনার সময় কালটি পাঁচ মাস পিছিয়ে যাচ্ছে এবং খ্রিস্টাব্দে পরিবর্তনের সময় চালু সংবৎসরের ক্ষেত্রে ৩১৯/২০ ও সমতীত সংবৎসরের ক্ষেত্রে ৩১৮/১৯ যোগ করতে হচ্ছে।